অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো গবেষণা এবং বৈজ্ঞানিক প্রতিভা উদ্ভাবনের জন্য নিউ ইয়র্ক ফান্ড (NEW YORK FUND FOR INNOVATION IN RESEARCH AND SCIENTIFIC TALENT, NYFIRST) মেডিক্যাল স্কুল অনুদানের উদ্বোধনী পুরস্কার প্রাপ্তদের কথা ঘোষণা করেন

মাউন্ট সিনাই-এ কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের (Columbia University) আইকান স্কুল অব মেডিসিন (Icahn School of Medicine) এবং রচেস্টার বিশ্ববিদ্যালয়ের (University of Rochester) ব্যতিক্রমী জীবন-বিজ্ঞানের গবেষকগণ রোগ চিকিৎসার নতুন উপায় অনুসন্ধানের ওপর দৃষ্টি নিবদ্ধ করেছেন

NYFIRST পুরস্কার তাদের গবেষণাগার উন্নীত ও সজ্জীকরণের জন্য মূলধন সহায়তা প্রদান করছে

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ গবেষণা ও বৈজ্ঞানিক প্রতিভার জন্য নিউইয়র্ক তহবিল থেকে উদ্বোধনী অনুদান গ্রহীতাদের কথা ঘোষণা করেন। এই অনুদান হল প্রায়োগিক গবেষণায় মনোনিবেশকারী ব্যতিক্রমী জীবন-বিজ্ঞান গবেষকদের নিয়োগ এবং উৎসাহিত করার লক্ষ্যে প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান বা তাদের গবেষণাগার উন্নীতকরণের মাধ্যমে মেডিক্যাল স্কুলের জন্য 15 মিলিয়ন ডলারের মূলধন তহবিল প্রদান। প্রায়োগিক গবেষণায় মৌলিক বৈজ্ঞানিক গবেষণার উপর ভিত্তি করে রোগ নির্ণয় এবং চিকিৎসার নতুন উপায় অনুসন্ধান করা হয়। চলতি বছরের অনুদান প্রাপ্তদের মধ্যে রয়েছে কলম্বিয়া বিশ্ববিদ্যালয় ও মাউন্ট সিনাইয়ের আইকান স্কুল অব মেডিসিন - উভয়ই নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত এবং ফিঙ্গার লেকস এর রচেস্টার বিশ্ববিদ্যালয়। প্রতিটি প্রতিষ্ঠান একেকজন শীর্ষস্থানীয় জীবন-বিজ্ঞান গবেষককে নিয়োগ করেছে, যাদের গবেষণাগার NYFIRST পুরস্কার থেকে উপকৃত হবে।

"নিউইয়র্ক অঙ্গ রাজ্যে জীবন-বিজ্ঞান একটি গুরুত্বপূর্ণ ও বিকাশমান শিল্প, এবং এই প্রতিষ্ঠানগুলির প্রত্যেকটি এখানে অসাধারণ মেধা, গবেষণা এবং প্রায়োগিক জ্ঞানের প্রতিফলন ঘটিয়ে এক্ষেত্রে সমৃদ্ধি অর্জন করেছে", **গভর্নর কুওমো বলেন।** "আমি NYFIRST মেডিক্যাল স্কুল অনুদান প্রাপ্তদের অভিনন্দন জানাচ্ছি এবং অ্যাম্পায়ার স্টেটে জীবন-বিজ্ঞান শিল্পের আরও বিকাশে তারা ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা করছি।"

"NYFIRST পুরস্কার এর অংশ হিসাবে এই অনুদান জীবন-বিজ্ঞান গবেষণায় কর্মী নিয়োগে ও সম্প্রসারণে প্রয়োজনীয় সম্পদের যোগান দিচ্ছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "কর্মসূচির অংশ হিসাবে প্রদত্ত মূলধন তহবিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে রোগ চিকিৎসা ও জীবন

রক্ষায় তাদের গবেষণাগার উন্নীতকরণে এবং অত্যাধুনিক গবেষণা ও উন্নয়নে নেতৃত্ব বজায় রাখতে সহায়তা করবে।"

এই প্রতিষ্ঠানসমুহের প্রত্যেকটি দেশব্যাপী শীর্ষস্থানীয় গবেষণা প্রতিষ্ঠানসমূহ থেকে প্রায়োগিক গবেষণার ক্ষেত্রে শীর্ষস্থানীয় প্রতিভাধরদের নিউইয়র্কে নিয়ে আসছে।

- কলম্বিয়া বিশ্ববিদ্যালয় হিউস্টনের বেলর কলেজ অব মেডিসিন (Baylor College of Medicine) থেকে জর্ডন অরেঞ্জ, এমডি, পিএইচডকে নিয়োগ করেছে। ড: অরেঞ্জ অত্যন্ত সম্মানিত চিকিৎসা বিজ্ঞানী, যার গবেষণার ফলশ্রুতিতে পাঁচটি পেটেন্ট আবেদন করা হয়েছে। তিনি শিশুরোগ-চিকিৎসা বিভাগের প্রধান হিসাবে দায়িত্ব পালন করবেন। রোগ-প্রতিরোধ ক্ষমতায় জন্মগত ঘাটতি সংক্রান্ত জীববিজ্ঞান অনুধাবনে তিনি উন্নত ইমেজিং কৌশল প্রয়োগ করেন। বেলর থেকে একজন অতিরিক্ত গবেষক, ড: এমিলি মেস কলম্বিয়ায় ড: অরেঞ্জের সঙ্গে যোগ দেবেন।
- মাউন্ট সিনাইয়ের আইকান স্কুল অব মেডিসিন বোস্টনের হার্ভার্ড মেডিকেল স্কুল থেকে তৃতীয় জুলিয়াস সি হেডেন, III, পিএইচডিকে নিয়োগ করেছে। ড: হেডেনের গবেষণায় অ্যালঝোইমার রোগের মতো বয়সের সাথে সম্পর্কিত মস্তিষ্কে নিউরোনের ক্ষতিজনিত সমস্যায় উদ্ভাবনী ইমেজিং কৌশল প্রয়োগ করা হয়। মাউন্ট সিনাই-এ তার গবেষণাগার স্কুলের অত্যাধুনিক প্রায়োগিক এবং আণবিক ইমেজিং ইনস্টিটিউটের অংশ হবে।
- রচেস্টার বিশ্ববিদ্যালয় উইলমোট ক্যান্সার ইন্সটিটিউটের প্রায়োগিক গবেষণার পরিচালক হিসেবে কাজ করার জন্য আটলান্টা'র এমোরি বিশ্ববিদ্যালয়ের (Emory University) গবেষক, বিজ্ঞানী পলা ভার্টিনো পিএইচডিকে নিয়োগ দিয়েছে। তিনি ক্যান্সার সৃষ্টিতে এপিজেনেটিক্স এর ভূমিকা সম্পর্কিত তার কাজের জন্য স্বীকৃত। তিনি গবেষণাগারের আবিষ্কারকে প্রযুক্তি, রোগ নির্ণয় এবং ক্যান্সার চিকিৎসায় প্রয়োগের বিষয়টি ত্বরান্বিত করার দায়িত্ব পালন করবেন। স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের (Stanford University) তিন জন অত্যন্ত সফল গবেষক বিজ্ঞানী, দ্য উইস্টার ইনস্টিটিউট (Wistar Institute) এবং উটাহ বিশ্ববিদ্যালয় রচেস্টারে ড: ভার্টিনোর সঙ্গে যোগ দেবেন।

নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের মেডিক্যাল স্কুলসমূহে বিশ্বমানের বিজ্ঞানীদের আকৃষ্ট করতে উপযুক্ত আবেদনকারী প্রতিষ্ঠানসমূহকে গবেষণাগার আধুনিকীকরণ, সংস্কার এবং উন্নীতকরণের জন্য NYFIRST সর্বোচ্চ 1 মিলিয়ন ডলার অনুদান প্রদান করে। তহবিল সম্পূর্ণরূপে সমর্পিত না হওয়া পর্যন্ত অনুদানের জন্য প্রতিযোগিতামূলক আবেদনের মাধ্যমে কর্মসূচির অনুদান প্রদান করা হয়। NYFIRST কর্মসূচির সহায়তা তহবিলের প্রতি 1 ডলার এর জন্য অনুদান প্রাপ্তদের নিজেদের তহবিল থেকে 2 ডলার প্রদান করতে হয়।

বৈজ্ঞানিক প্রতিভা নিয়োগ বা ধরে রাখার ক্ষেত্রে প্রায়োগিক গবেষণার অভিজ্ঞতা এবং চিকিৎসাগত সমস্যার ক্ষেত্রে উদ্ভাবনী সমাধানের লক্ষ্যে সক্রিয়ভাবে গবেষণায় জড়িত থাকা আবশ্যক। এছাড়াও গবেষকের নিউইয়র্ক অঙ্গরাজ্যে গুরুত্বপূর্ণ জীবন-বিজ্ঞান সংশ্লিষ্ট অর্থনৈতিক উন্নয়নের জন্য বাণিজ্যিকীকরণের ক্ষেত্রে সম্ভাবনাময় স্পষ্ট ভূমিকা থাকতে হবে; যেমন, উল্লেখযোগ্য পেটেন্ট অ্যাপ্লিকেশন এবং পেটেন্টযোগ্য আবিষ্কার; প্রায়োগিক গবেষণায় দৃষ্টি নিবদ্ধকারী মেডিকেল স্কুল

অনুষদে বর্ধিত হারে নিয়োগ/কর্মী ধরে রাখা; বা বর্ধিত হারে জীবন-বিজ্ঞান সম্পর্কিত পদ সৃষ্টি বা তা বজায় রাখা।

NYFIRST এর অনুদান তহবিল মূলধন ব্যয়ের জন্য ব্যবহার করতে হবে। নকশা প্রণয়ন, অধিগ্রহণ, নির্মাণ, পুনর্নির্মাণ এবং গবেষণাগার পুনর্বাসন সম্পর্কিত ব্যয়; সরঞ্জাম ক্রয়; এবং অন্যান্য মূলধন ব্যয় এর অন্তর্ভুক্ত, তবে তা এতেই সীমাবদ্ধ নয়।

কর্মসূচির জন্য আবেদন এবং নির্দেশিকা এখন ESD ওয়েবসাইটে বিদ্যমান এবং তা এখানে দেখা যাবে: https://esd.ny.gov/ny-first-program.2019।

এম্পায়ার স্টেট বিকাশ (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "অঙ্গরাজ্যের অনন্য প্রাতিষ্ঠানিক জীবন-বিজ্ঞান গবেষণা সম্পদে সহায়তা প্রদান ও সম্প্রসারণ করে NYFIRST, যা নিউইয়র্ক অঙ্গরাজ্য এবং এর মেডিক্যাল স্কুলগুলিকে বিশ্বখ্যাত গবেষক এবং বিজ্ঞানীদের জন্য আরও আকর্ষণীয় করে তোলে। এই কর্মসূচি এম্পায়ার স্টেটের যুগান্তকারী গবেষণাকে বাণিজ্যিক ও অর্থনৈতিক সুযোগে পরিণত করবে আমরা সে অপেক্ষায় রয়েছি।"

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য বিজ্ঞান ও চিকিৎসা অনুষদের ডিন এবং প্রধান নির্বাহী ডা: লি গোল্ডম্যান বলেন, "NYFIRST অনুদান কর্মসূচি প্রতিষ্ঠার জন্য আমি গভর্নর কুওমো এবং আইনসভাকে ধন্যবাদ জানাতে চাই। আমরা এই পুরস্কার চালুর সময় তা প্রাপ্তদের অন্তর্ভুক্ত হতে পেরে আনন্দিত। অন্যান্য অঙ্গরাজ্য নিউইয়র্ক থেকে গবেষকদের আকর্ষণ করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে, কিন্তু NYFIRST আমাদেরকে সেরা প্রতিভাধর বিজ্ঞানীদের নিয়োগের এবং তাদেরকে ধরে রাখার ক্ষেত্রে সুবিধা প্রদান করছে। তারা কেবল বড় ধরনের গবেষণাই করেন না, বরং ফেডারেল অনুদান আনা, পেটেন্ট নথিভুক্ত করা, নতুন কোম্পানি চালু করা ও কর্মসংস্থান সৃষ্টির পিছনেও ভূমিকা পালন করেন। আমরা ভবিষ্যতের দিকে তাকিয়ে আছি এবং আশা করছি এই কর্মসূচি এগিয়ে যাবে ও এতে অর্থায়ন জোরদার হবে।"

মাউন্ট সিনাই এর একাডেমিক ও বৈজ্ঞানিক বিষয়ক ডিন এরিক জে নেসলার, এমডি, পিএইচডি বলেন, "নিউইয়র্ক অঙ্গরাজ্যের এই উদার বিনিয়োগ মাউন্ট সিনাই এর আইকান স্কুল অব মেডিসিনকে হাভার্ড মেডিক্যাল স্কুল, বোস্টন থেকে পিএইচডি-ধারী ট্রে হেডেন, এমএ-কে নিউইয়র্ক সিটিতে নিয়োগ করা সম্ভব করেছে। আলঝেইমার এবং অন্যান্য স্মৃতিভ্রম রোগ নির্ণয়ে মস্তিষ্কের উন্নত ইমেজিং ব্যবহারের ক্ষেত্রে বিশ্বে নেতৃস্থানীয় ড: হেডেন এসব বিধ্বংসী রোগের নতুন চিকিৎসা অনুসন্ধানে আমাদের বহুমুখি গবেষণা দল পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। জীবন-বিজ্ঞানের ক্ষেত্রে নিউইয়র্কের কেন্দ্রবিন্দুতে পরিণত হওয়ার লক্ষ্যে আমরা নিউইয়র্ক অঙ্গরাজ্যের অংশীদার হওয়ার জন্য উন্মুখ।"

রচেস্টার বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারের সিইও এবং রচেস্টার বিশ্ববিদ্যালয়ের স্কুল অব মেডিসিন অ্যান্ড ডেন্টিস্ট্রি ডিনমার্ক বি তবম্যান, এমডি বলেন, "গবেষণাগারের আবিষ্কারকে নতুন প্রযুক্তিতে পরিণত এবং রোগীদের চিকিৎসায় ব্যবহারের ক্ষেত্রে প্রায়োগিক বিজ্ঞান অপরিহার্য, এবং

NYFIRST এর মাধ্যমে এই কাযে সহায়তা করায় আমরা গভর্নর কুওমো এবং আইনসভাকে ধন্যবাদ জানাই। এই অনুদান আমাদেরকে প্রতিষ্ঠিত বিজ্ঞানী এবং বাফেলো অঞ্চলের পাউলা ভার্টিনো, পিএইচডিকে উত্তরের অঙ্গরাজ্য নিউইয়র্কে ফিরিয়ে আনতে এবং দেশের অন্যান্য স্থান থেকে অতিরিক্ত তিন জন গবেষককে আকর্ষণ করার ক্ষেত্রে সহায়তা করেছে। বিজ্ঞানের এই বিনিয়োগ কেবল নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে না, এটি নতুন অন্তর্দৃষ্টিও প্রদান করবে, যা ক্যান্সারের বিরুদ্ধে কর্মকাণ্ডে অগ্রগতি সাধন করবে।"

সিনেটর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "আমি রোমাঞ্চিত যে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়কে নিউইয়র্কের গবেষণা ও বৈজ্ঞানিক উদ্ভাবন সংশ্লিষ্ট তহবিলের প্রারম্ভিক পুরস্কার প্রাপ্ত হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই অনুদান কলম্বিয়াকে তাদের ইতোমধ্যেই বিদ্যমান বিশ্ব মানের জীবন-বিজ্ঞান কর্মসূচিতে সেরা ও উজ্জ্বলতম ব্যক্তিদের আকর্ষণ করতে এবং তাদেরকে ধরে রাখতে, এবং আমার প্রতিনিধিত্বের ডিসট্রিক্ট ও নিউইয়র্ক অঙ্গরাজ্যকে সমৃদ্ধ করা অব্যাহত রাখার সুযোগ করে দেবে।"

সিনেটর মাইকেল র‍্যানজেনহফার বলেন, "নিউইয়র্কের পশ্চিমাঞ্চল হল আমাদের বিশ্ববিদ্যালয় এবং চিকিৎসা প্রতিষ্ঠানগুলির অত্যাধুনিক গবেষণার লালন ভূমি। NYFIRST অনুদান কর্মসূচি তৈরিতে সহায়তা করার জন্য আমি গর্বিত ছিলাম এবং রচেস্টার বিশ্ববিদ্যালয়কে এতে অন্তর্ভুক্তির জন্য অভিনন্দন জানাচ্ছি।"

সংসদ সদস্য রবিন শিমিঙ্গার বলেন, "জীবন-বিজ্ঞান শিল্প নতুন অর্থনীতির অত্যন্ত গুরুত্বপূর্ণ খাত এবং আমি এসব প্রতিষ্ঠানকে ভালো কাজের জন্য অভিনন্দন জানাতে চাই। এই নেতৃবৃন্দকে তাদের নিজ নিজ ক্ষেত্রে নিয়োগ করাটা আমাদের মেডিকেল স্কুলসমূহ এবং গবেষণা প্রতিষ্ঠানগুলির গুরুতর রোগ নির্ণয় ও চিকিৎসা করার সক্ষমতা আরও বাড়িয়ে দেবে। সঠিকভাবে বলতে গেলে NYFIRST সৃষ্টি এবং তাতে অর্থায়নের পিছনে এটাই আমাদের কারণ।"

সংসদ সদস্য লেন্টল বলেন, "আমি গভর্নর কুওমো'র এই অনুদান বরাদ্দ সম্পর্কে মন্তব্য করছি। নিউইয়র্ক অঙ্গ রাজ্যের চিকিৎসা গবেষণার ক্ষেত্রে প্রদত্ত সহায়তা আমাদের পরিবারসমূহের জন্য চিকিৎসার পথ প্রতিষ্ঠিত করে; আমাদের অঙ্গ রাজ্যে সর্বোচ্চ মানের চিকিৎসক এবং গবেষকদের নিয়ে আসে এবং নিউইয়র্কের বায়োমেডিক্যাল ও প্রযুক্তি সংশ্লিষ্ট অর্থনীতিকে এগিয়ে নেয়।"

সংসদ সদস্য হ্যারি ব্রনসন বলেন, "রচেস্টার বিশ্ববিদ্যালয়ে জীবন-বিজ্ঞান গবেষকদের নিয়োগ করা এবং তাদের ধরে রাখাটা নতুন অগ্রগতি এবং সাফল্যের লক্ষ্যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা ফিঙ্গার লেকসকে এগিয়ে নেয়ার জন্য প্রয়োজন। নিউইয়র্ক অঙ্গরাজ্যে বিশ্বমানের প্রতিভা আকৃষ্ট করার জন্য এবং আমাদের পরিবারসমূহের স্বাস্থ্যের জন্য সবচেয়ে গুরুতর হুমকি নির্মূল করার প্রয়োজনীয় প্রযুক্তিগত ও মানবিক পুঁজি বিনিয়োগের ক্ষেত্রে অঙ্গীকারের জন্য আমি গভর্নর কুওমো এবং সংসদে আমার সহকর্মীদের প্রশংসা করি।"

সংসদ সদস্য তৃতীয় জন টি ম্যাকডোনাল্ড বলেন, "জীবন-বিজ্ঞান চিকিৎসার ক্ষেত্রে আরও আবিষ্কারের সুযোগ করে দেয় যার জন্য সহায়তা এবং সুনির্দিষ্ট বিনিয়োগ প্রয়োজন। গবেষণা এবং

সরঞ্জামকে আগামী দিনের আবিষ্কারের লক্ষ্যে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে অনুপ্রেরণা দান এবং বিনিয়োগের জন্য NYFIRST হল সঠিক কর্মসূচি।"

সংসদ সদস্য ড্যান কুয়ার্ট বলেন, "বাস্তুসংস্থান থেকে রোগ-প্রতিরোধ বিদ্যা পর্যন্ত, আমাদের চারপাশের বিশ্বকে কেবল বোঝার জন্যই নয়, বরং সামগ্রিক মানব অভিজ্ঞতার উন্নয়নের জন্য জীবন-বিজ্ঞান গবেষণা অপরিহার্য। NYFIRST কর্মসূচি হল নিউইয়র্কের ভবিষ্যতের লক্ষ্যে একটি বিনিয়োগ, যা আমাদের অঙ্গ রাজ্যকে জীবন-বিজ্ঞানের ক্ষেত্রে শীর্ষ পর্যায়ের গবেষকদের আকর্ষণ করতে এবং তাদেরকে ধরে রাখতে সহায়তা করবে।"

সংসদ সদস্য রেবেকা এ সিরাইট বলেন, "নিউইয়র্ক অঙ্গ রাজ্যে আমাদের মেডিকেল স্কুলসমূহের জন্য সেরা প্রতিভা নিয়োগ এবং তাদেরকে ধরে রাখার ক্ষেত্রে আপনার প্রচেষ্টার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ। প্রথমবারের পুরস্কার প্রাপ্তদের অভিনন্দন: মাউন্ট সিনাই স্কুল অব মেডিসিন, কলম্বিয়া বিশ্ববিদ্যালয় এবং রচেস্টার বিশ্ববিদ্যালয়। 2017 সাল থেকে আমি দৃঢ়ভাবে উদ্ভাবন এবং গবেষণা ও বৈজ্ঞানিক প্রতিভার জন্য নিউইয়র্ক তহবিল (NYFIRST) এর পক্ষে সমর্থন করেছি। এই কর্মসূচি অঙ্গরাজ্যের 15 মিলিয়ন ডলার বিনিয়োগ সরবরাহ করে যা নিউইয়র্ক অঙ্গরাজ্যের 16টি মেডিক্যাল স্কুলের বেসরকারি তহবিলের সঙ্গে 2:1 অনুপাতে যুক্ত হয়। এটা সরকারি/বেসরকারি বিনিয়োগের মোট ফল হিসাবে ডলারে উল্লেখযোগ্য পরিমাণ তহবিল হতে পারে। NYFIRST কর্মসূচি তাই নিউইয়র্ক অঙ্গরাজ্যের ইতিবাচক অর্থনৈতিক প্রভাবের পাশাপাশি বিদ্যমান এবং ভবিষ্যতের স্বাস্থ্য উদ্যোগকে সহায়তা করবে এবং অঙ্গ রাজ্যের জীবন-বিজ্ঞান সংশ্লিষ্ট অর্থনীতিকে জোরদার করবে। আমি আগামী বছরগুলিতে সে উদ্যোগের অপেক্ষায় রয়েছি যা আমাদের অঙ্গ রাজ্যের কল্যাণে গবেষণায় অবদানের মাধ্যমে একইভাবে CUNY এবং SUNY মেডিক্যাল স্কুল গড়ে তোলার সুযোগ সৃষ্টি করবে।"

নিউইয়র্ক অঙ্গরাজ্যের 620 মিলিয়ন ডলারের জীবন-বিজ্ঞান সংশ্লিষ্ট উদ্যোগ

2018 অর্থবছরের বাজেটে নিউইয়র্ক অঙ্গরাজ্য নিউইয়র্কে একটি বিশ্বমানের জীবন-বিজ্ঞান গবেষণা ক্লাস্টার গড়ে তোলার এবং এই গবেষণার বাণিজ্যিকীকরণ ও অর্থনীতির বিকাশের জন্য 620 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ গ্রহণ করেছে।

এই বহুমুখি উদ্যোগের মধ্যে রয়েছে জীবন-বিজ্ঞান শিল্পে উচ্চতর কর্মসংস্থান কর্মসূচির কর ঋণ সম্প্রসারণের জন্য 100 মিলিয়ন ডলার, জীবন-বিজ্ঞান গবেষণা ও উন্নয়নের অফেরতযোগ্য কর ঋণ কর্মসূচির জন্য 100 মিলিয়ন ডলার, এবং অন্যান্য বিনিয়োগের জন্য 320 মিলিয়ন ডলার, যার মধ্যে রয়েছে অঙ্গরাজ্যের মূলধন অনুদানে ওয়েট-ল্যাব এবং উদ্ভাবনের স্থান, প্রাথমিক পর্যায়ের জীবন-বিজ্ঞান সংশ্লিষ্ট কোম্পানিসমূহের জন্য পরিচালনাগত সহায়তা এবং বিনিয়োগ মূলধন যা বেসরকারি খাত থেকে আরও অন্তত 100 মিলিয়ন ডলার অতিরিক্ত তহবিলের ব্যবস্থা করবে।

জীবন-বিজ্ঞান খাত জৈব-প্রযুক্তি, ফার্মাসিউটিক্যাল, বায়োমেডিক্যাল প্রযুক্তি, জীবন রক্ষার প্রযুক্তিকে পরিবেষ্টন করে, এবং সেসব সংস্থা ও প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করে যেগুলো গবেষণা, উন্নয়ন, প্রযুক্তি স্থানান্তর ও বাণিজ্যিককরণের বিভিন্ন পর্যায়ে তাদের বেশির ভাগ প্রচেষ্টা নিয়োজিত করে। প্রতিদিন এই খাতের কোম্পানিসমূহ নতুন চিকিৎসা এবং ওষুধ আবিষ্কার করছে যাতে অটিজম এবং

ক্যান্সারের মতো রোগের নতুন চিকিৎসা বা প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয়ের মাধ্যমে জীবন বাঁচানোর সম্ভাবনা রয়েছে। এসব কোম্পানি কৃষি এবং পরিবেশগত জৈব প্রযুক্তির ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করছে যা অধিক পরিবেশ বান্ধব ও টেকসই ভবিষ্যত নির্মাণে সহায়তা করছে।

প্রণোদনা বাড়িয়ে, স্থাপনায় বিনিয়োগ করে এবং প্রতিভা ও দক্ষতা নাগালে পাওয়ার ক্ষেত্রে উন্নয়ন ঘটিয়ে শিল্প-তহবিলের গবেষণা ও উন্নয়নে নিউইয়র্ক নিজ হিস্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে, বিদ্যমান একাডেমিক গবেষণার বাণিজ্যিকীকরণকে সহায়তা করবে এবং উন্নত প্রযুক্তির পরবর্তী প্রজন্মের বিকাশের লক্ষ্যে কাজ করবে। বিজ্ঞানের ক্ষেত্রে অগ্রগতির বাইরে এই উদ্যোগ নিউইয়র্ককে উঠতি উৎপাদন ভিত্তিক উদ্যোগের জন্য আকর্ষণীয় স্থানে পরিণত করে আঞ্চলিক অর্থনীতির বিকাশ ঘটাবে এবং হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন